

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২/২০০৭/৭৩৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, গত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ মঙ্গলবার বেলা ১২:০০ টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক ড. মো. ইমদাদুল হক**-এর সভাপতিত্বে তাঁর কনফারেন্স কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে মাননীয় ট্রেজারার, সকল অনুষদের ডীন, ইনস্টিটিউট-এর পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, পরিচালক (ছাত্র-কল্যাণ) এবং পরীক্ষা নিয়ন্ত্রক-এর সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ০১। আগামী ০৭ অক্টোবর ২০২১ হতে বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগে সশরীরে পরীক্ষা গ্রহণ করা হবে। যদি সার্বিক পরিস্থিতির কারণে সশরীরে পরীক্ষা গ্রহণ করা সম্ভব না হয়, তবে অনলাইনে পরীক্ষা গ্রহণ করা হবে।
- ০২। অনুষদের ডীন, ইনস্টিটিউটের পরিচালক/বিভাগের চেয়ারম্যানবৃন্দ আলোচনাক্রমে পরীক্ষার রুটিন প্রদান করবেন এবং পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৩। শিক্ষার্থীদের সশরীরে পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত রুটে পরিবহন সুবিধা চালু থাকবে।

উল্লেখ্য, গত ৮৫ তম সিন্ডিকেট সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের অনলাইনে পরীক্ষা গ্রহণের নীতিমালা অনুমোদিত হয়েছে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১

জবি/প্রশা-৩২/২০০৭/৭৩৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
- ৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি;
- ৯-৪৫. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৬. প্রক্টর, জবি;
- ৪৭-৫২. পরিচালক {গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পউও/আইসিটি সেল (ওয়েব সাইটে দেওয়ার অনুরোধসহ)/পিআরআইপি}, জবি;
৫৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫৪. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জবি;
৫৫. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫৬. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫৭-৫৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


২৩/৯/২০২১
(মোহাম্মদ মশিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।